


## মহান বিজয় দিবস ২০২৪ পালিত।



মহান বিজয় দিবস উপলক্ষে গত ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখে "ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)" প্রধান কার্যালয়ের পক্ষ থেকে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়াও সংস্থার সকল শাখা ও প্রকল্প কার্যালয়ে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় রেখে স্থানীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

## পিকেএসএফ এর নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালককে শুভেচ্ছা।



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর নবনির্বাচিত ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ ফজলুল কাদের মহোদয়ের দায়িত্ব গ্রহণের পর,গত ২৬ ডিসেম্বর ২০২৪ তারিখ পিকেএসএফ ভবনে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) এর নির্বাহী পরিচালক, জনাব মোঃ ইয়াকুব হোসেন।উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ভার্কের উপ-নির্বাহী পরিচালক, জনাব মোঃ মাসুদ হাসান, ও মাইক্রোফাইন্যান্স এর পরিচালক জনাব রনদা প্রসাদ সাহা।

## ভার্কের মোহনপুর এরিয়া অফিসের নতুন ভবন নির্মাণের জন্য চুক্তি নামা সম্পন্ন।



গত ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে ভার্কের প্রধান কার্যালয়ে ভার্কের মোহনপুর এরিয়া অফিসের পাঁচতলা বিশিষ্ট ভবন নির্মাণের লক্ষ্যে একটি চুক্তিনামা স্বাক্ষর অনুষ্ঠিত হয়।উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাতৃক এসোসিয়েটের প্রধান নির্বাহী কর্মকর্তা স্থপতি মোঃ আমিনুল ইসলাম ইমন।আরও উপস্থিত ছিলেন ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) এর নির্বাহী পরিচালক, জনাব মোঃ ইয়াকুব হোসেন ,উপ-নির্বাহী পরিচালক, জনাব মোঃ মাসুদ হাসান,মাইক্রোফাইন্যান্স এর পরিচালক,জনাব রনদা প্রসাদ সাহা, পরিচালক মানব সম্পদ ও প্রশাসন, জনাব মুস্তাফিজুর রশিদ মৃধা, ,পরিচালক,অর্থ, জনাব মোঃ মাসুদ রায়হান, ও জনাব মোঃ মোমিনুল ইসলাম,উপ-পরিচালক,প্রকৌশল,ভার্ক।

## তথ্যই শক্তি: জানবো জানাবো দুর্নীতি রুখবো তথ্য মেলা ২০২৪ অনুষ্ঠিত।




সাভার উপজেলা প্রশাসন এবং সচেতন নাগরিক কমিটির যৌথ উদ্যোগে সাভার উপজেলা পরিষদ মাঠে দুই দিনব্যাপী ২০-২১ শে নভেম্বর ২০২৪ তথ্যমেলা সহ বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়।মেলা উদ্বোধন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ডঃ মোঃ কামাল আহসান এবং উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আবু বকর সরকার। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন "ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)" প্রধান কার্যালয়ের পক্ষ থেকে উপ-নির্বাহী পরিচালক, জনাব মোঃ মাসুদ হাসান এবং আরোও অনেকে।সাভার উপজেলা পরিষদ চত্বরে তথ্য মেলাটি অনুষ্ঠিত হয়।তথ্য অধিকার বিষয়ক আলোচনা সভা,তথ্য প্রাপ্তির আবেদন ফরমপূরণ ও তথ্য প্রাপ্তিতে সহায়তা,কুইজ-প্রতিযোগিতা,গণশুনানি,দুর্নীতিবিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান,পুরস্কার বিতরণ ও সমাপনীর মাধ্যমে অনুষ্ঠান সমাপ্তি ঘোষনা করা হয়।

## সাভারে নারী পোশাক শ্রমিকদের কর্মদক্ষতা উন্নয়নে "অপরাজিতা"প্রকল্পের কর্মশালা অনুষ্ঠিত।



পোশাক খাতের নারী পোশাক শ্রমিকদের নিরাপদ মর্যাদাপূর্ণ জীবন, কর্মদক্ষতা উন্নয়ন ও অর্থনৈতিক সুযোগ নিশ্চিতে "অপরাজিতা - Collective Impact on Future of Work in Bangladesh"প্রকল্পের প্রথম পর্যায়ের মূল্যায়ন এবং শিখন বিনিময় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।গত ১৯ ডিসেম্বর ২০২৪ তারিখে সাভার উপজেলা পরিষদের হলরুমে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।এই কর্মশালাটির মূল উদ্দেশ্য ছিল প্রকল্পের অগ্রগতি ও অর্জিত অভিজ্ঞতা পর্যালোচনা।সুইডেনের H&M ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় প্রকল্পটি বাস্তবায়ন করছে CARE, VERC, WaterAid Bangladesh, Save the Children, Swisscontact Bangladesh সহ ১৪টি সংগঠন। কর্মশালায় ভার্ক এর নির্বাহী পরিচালক জনাব মোঃ ইয়াকুব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাভার উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আবুবকর সরকার, উপজেলা সমাজ সেবা অফিসার জনাব কে এম শহীদুজ্জামান প্রমুখ।এছাড়াও কর্মশালাটিতে বিভিন্ন সরকারি কর্মকর্তা, স্থানীয় প্রতিনিধি ও বিভিন্ন কমিউনিটির সদস্য, অংশীদার সংস্থা এবং বিভিন্ন পোশাক শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।কর্মশালায় প্রকল্পটির বিভিন্ন অংশীদার সংস্থাগুলোর পক্ষ থেকে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম ও প্রকল্পের অগ্রগতি তুলে ধরা হয়।

## ভার্কের উর্ধ্বতন কর্তৃপক্ষের ইসিসিসিপি ড্রট প্রকল্প পরিদর্শন।



গত ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে ভার্কের নির্বাহী পরিচালক জনাব মোঃ ইয়াকুব হোসেন, উপ-নির্বাহী পরিচালক, জনাব মোঃ মাসুদ হাসান, মাইক্রোফাইন্যান্স এর পরিচালক জনাব রনদা প্রসাদ সাহা, নওগাঁ জেলার মান্দা উপজেলায় জিসিএফ এবং পিকেএসএফ অর্থায়িত ইসিসিসিপি ড্রট প্রকল্প পরিদর্শন করেন।কার্যক্রমের সম্ভাব্য স্থানসমূহ পরিদর্শন করেন।পরবর্তীতে তারা ইসিসিসিপি ড্রট প্রকল্প কার্যালয়ে একটি প্রকল্প পর্যালোচনা সভায় অংশগ্রহন করেন।

## শাখা পর্যায়ের হিসাবরক্ষকদের ঋণ কার্যক্রম পরিচালনায় হিসাবরক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত।

ভার্ক একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে ভার্ক দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে। ভার্কের মাইক্রোফাইন্যান্স সেকশন এর মাধ্যমে সুষ্ঠুভাবে ঋণ কার্যক্রম জোরদারকরণে কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হয়। তারই অংশ হিসেবে ১০-১৪ নভেম্বর, ২০২৪ তারিখ শাখা পর্যায়ের হিসাবরক্ষকদের ঋণ কার্যক্রম পরিচালনায় হিসাবরক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক ৫ দিন মেয়াদী একটি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারী হিসাবে ২০ জন শাখা পর্যায়ের হিসাবরক্ষক উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সাথে আলোচনা করেন নির্বাহী পরিচালক জনাব মোঃ ইয়াকুব হোসেন, জনাব রণদা প্রসাদ সাহা, পরিচালক, মাইক্রোফাইন্যান্স সেকশন ও জনাব মোঃ মাসুদ রায়হান, পরিচালক, অর্থ। আরো উপস্থিত ছিলেন জনাব একেএম সামসুল আলম ও জনাব হুসাইনুজ্জামান,উপ-পরিচালক, মাইক্রোফাইন্যান্স সেকশন।প্রশিক্ষণ থেকে অংশগ্রহণকারীগণ যে বিষয়গুলো জেনেছেন, তা হলো- ফিল্ড পর্যায়ে কার্যক্রম পরিচালনায় সমস্যা চিহ্নিত, সমস্যার বিশ্লেষণ ও এর সমাধান, AIS ও MIS সম্পর্কে ধারণা লাভ করেন এবং সমস্যার বিশ্লেষণ ও এর সমাধান, হিসাবরক্ষকগণ তাদের দায়িত্ব ও কর্তব্য, ভার্কের নীতিমালা, হিসাবরক্ষকগণ তাদের সফটওয়ার সংক্রান্ত বিষয়ে করণীয়, ম্যানুয়াল ক্যাশবুক ও লেজারবুকে পোষ্টিং দেওয়ার নিয়ম, ঋণ বিতরণকালীন সময় সফট্ওয়্যারে করণীয়, ট্যাব হতে সফট্ওয়ারের ডাটা




ট্রান্সফার, ঋণ বিতরণকালীন সময় হিসাবরক্ষকের করনীয়, হিসাবের খাত এবং রিপোটিং, অগ্রীম সমন্বয়, প্রভিশন এবং অবচয় ক্যালকুলেশন ও হিসাবভুক্তকরণ, ভ্যাট এবং ট্যাক্স ক্যালকুলেশন, ভাউচার, স্থায়ী সম্পদ রেজিষ্টার, স্টক রেজিষ্টার সংরক্ষণ, ব্যাংক রিকনসিলিয়েশন তৈরীর নিয়ম, প্রকিউরমেন্ট ও ডকুমেন্ট যাচাই, ছুটির বিষয়, আর্থিক দন্ড বিধান ও ট্রাভেল/ভ্রমন ভাতা, স্থায়ী সম্পদ স্থানান্তর নির্দেশিকা এবং নিরীক্ষাকালীন সময়ে প্রাপ্ত অসংগতি হ্রাসকরণের কৌশল।

**প্রকাশনায়ঃ ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)**
**বি-৩০, এখলাস উদ্দিন খান রোড, আনন্দপুর, সাভার,**
**ঢাকা -১৩৪০। ফোনঃ ০১৭১১৬৪৭৩০৩**
**ই-মেইল - info@vercbd.org, verc@bangla.net**